



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2<sup>nd</sup> Term: WorkSheet- 5

Class: 4



Subject: Bengali Grammar: (বোধশক্তির বিচার)

Date: 15/07/2020

নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নের উত্তরগুলি লেখ -

একজন মানুষ তার একক প্রচেষ্টায় একটা জাতির চিন্তাধারা পালটে দিয়েছেন , এমন উদাহরণ পৃথিবীতে খুব বেশি নেই । ঈশ্বরচন্দ্র হলেন সেই মানুষ যিনি দুইশত বৎসর আগে জন্মে বাঙালি জাতিকে সবদিক থেকে উন্নত করার চেষ্টা করেছিলেন । ১৮২০ সালের ২৬শে সেপ্টেম্বর মেদিনীপুরের বীরসিংহ গ্রামে তিনি জন্মগ্রহণ করেন । তার পিতার নাম ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায় ও মাতার নাম ভগবতী দেবী । অনেক কষ্ট করে তিনি পড়াশোনা করেছিলেন । স্বীকৃতি হিসাবে তিনি 'বিদ্যাসাগর' উপাধি পান । কলেজে অধ্যাপনার সঙ্গে সঙ্গে তিনি শিক্ষা বিস্তারে মনোনিবেশ করেন । তিনি বাংলা গদ্যকে নতুন রূপ দেন । তাকে বাংলা গদ্যের জনক বলে । সংস্কৃত জানে না এমন বাঙালিদের জন্য বহু সংস্কৃত গ্রন্থ বাংলায় অনুবাদ করেন । বহু স্কুল ও কলেজ স্থাপন করেন । মেয়েদের শিক্ষার জন্য বহু বিদ্যালয় তিনি স্থাপন করেন । তারইচেষ্টায় ইংরেজ সরকার এদেশে বিধবা বিবাহ আইন প্রবর্তন করেছিলেন । তার আরো একটা বড়ো গুণ ছিল । তিনি অত্যন্ত দয়ালু মানুষ ছিলেন । কোনো মানুষের দুঃখ কষ্ট দেখে তিনি স্থির থাকতে পারতেন না । দেশের মানুষ তাই তার নাম দিয়েছিলেন 'দয়ার সাগর' । ১৮৯১ সালে ৭২ বছর বয়সে এই মহান মানুষ পরলোক গমন করেন ।

প্রশ্ন:-

- ১। ঈশ্বরচন্দ্র কত সালে জন্মগ্রহণ করেন ?
- ২। ঈশ্বরচন্দ্রের পিতা ও মাতার নাম কী ?
- ৩। মেয়েদের শিক্ষার জন্য তিনি কী করেছেন ?
- ৪। ঈশ্বরচন্দ্রের চেষ্টায় কোন আইন প্রবর্তন হয় ?
- ৫। কাকে দয়ার সাগর বলা হয় ?

৬। কত বৎসর বয়সে তিনি পরলোকগমন করেন?

৭। ঈশ্বরচন্দ্র ছাড়া অন্য একটি সমাজ সংস্কারকের নাম লেখ ?

৮। বাক্য রচনা কর:-

ক) অধ্যাপনা =

খ) দয়ালু =

গ) বাঙালি =

৯। ঠিক বা ভুল লেখ:-

ক) ঈশ্বরচন্দ্র একটিমাত্র মানুষের চিন্তাধারা পালটে দিয়েছিল ।

খ) বহু সংস্কৃত গ্রন্থ ঈশ্বরচন্দ্র বাংলায় অনুবাদ করেন ।

গ) বাংলা গদ্যের জনক বলা হয় সুকুমার রায়কে ।

ঘ) ঈশ্বরচন্দ্র কলকাতায় জন্মগ্রহণ করেন ।

১০। বিপরীত শব্দ লেখ:-

ক) মানুষ =

খ) উন্নত =

গ) পরলোক =

ঘ) জন্ম =

ঙ) স্থির =

চ) দয়ালু =